# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৪৭৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ কোন মুসলিম ব্যক্তির নিকট সম্পদ না থাকলে ভাল কথা বলা সম্পদ ব্যয় করার স্থলাভিষিক্ত হবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْكَلَامَ الطَّيِّبَ لِلْمُسْلِمِ يَقُومُ مَقَامَ الْبَذْلِ لِمَالِهِ عِنْدَ عَدَمِهِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ الْحَوْضِيُّ عَنْ شُعْبَةَ عَنْ مُحِلِّ بْنِ خَلِيفَةَ: عَنْ عَدِيِّ بْنِ حَاتِمٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(اتَّقُوا النَّارَ وَلَوْ بِشِقِّ تَمْرَةٍ فَإِنْ لَمْ تَجِدُوا فَبِكَلِمَةٍ طيبة).
الراوي : عَدِيِّ بْنِ حَاتِمٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 473 | خلاصة حكم المحدث: صحيح.

## বাংলা

৪৭৩. ‘আদী বিন হাতিম রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “এক টুকরো খেজুর দান করে হলেও তোমরা জাহান্নামের আগুন থেকে বেঁচে থাকো। যদি (দান করার জন্য এতোটুকু সম্পদ) না পাও, তবে ভাল কথা বলার মাধ্যমে (জাহান্নামের আগুন থেকে বেঁচে থাকো)।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৭/২২০; আত তায়ালিসী: ১০৩৯; মুসনাদ আহমাদ: ৪/২৫৬; নাসাঈ: ৫/৭৫; ইবনু আবী শায়বাহ: ৩/১১০; সহীহ আল বুখারী: ১৪১৭; সহীহ মুসলিম: ১০১৬; মাজমা‘উয যাওয়াইদ: ৫/২৩৫; বাযযার: ৯৩৩।

হাদীসটিকে আল্লামা শু‘আইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুশকিলাতুল ফাকর: ১১৫।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আদী ইবনু হাতিম (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন